

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৯, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ৭ আশ্বিন ১৪১৮ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৯৫-আইন/২০১১/৬২০-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, মেসার্স নন্দন পার্ক লিমিটেড কর্তৃক যৌথ ব্যবস্থাপনায় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষায় জি.পি.এ. ৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের জন্য আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে বিনামূল্যে বিতরণকৃত প্রবেশ টিকেটের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

শর্ত ঃ

- (১) এস.এস.সি পরীক্ষায় জি.পি.এ. ৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা উপলক্ষে বিনামূল্যে বিতরণকৃত প্রবেশ টিকেটের সংখ্যা, অনুষ্ঠানের তারিখ, সময় এবং এতদসংক্রান্ত প্রাসঙ্গিক তথ্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর সার্কেল ও বিভাগীয় কর্মকর্তার কার্যালয়কে অনুষ্ঠান শুরু ১৪(চৌদ্দ) দিন পূর্বে অবহিত করিতে হইবে; এবং
- (২) টিকেটের উপরিভাগে “শুধুমাত্র এস.এস.সি পরীক্ষায় জি.পি.এ. ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের বিনামূল্যে বিতরণের জন্য” শব্দ, সংখ্যা ও চিহ্নসমূহ অনপনীয় কালিতে বা সীলমোহরকৃত হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাসিরউদ্দীন আহমেদ

সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৩৯৮১)

মূল্য ঃ টাকা ২.০০